



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

পত্র নং- ৬৮১

তারিখ: ০৭/১০/২০১৫

বিষয়: প্রতিবন্ধী (অটিস্টিক, ডাউন সিনড্রোম সেরিব্রালপল্‌সি) শিক্ষার্থীকে বিশেষ ব্যবস্থায় পাবলিক পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি।

সূত্র: শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং ৩৭.০০.০০০০.০৭২.৪৩.০৩৬.১৪.৪৯৫ তারিখ: ২৯/০৯/২০১৫

উপর্যুক্ত বিষয় ও সূত্র মোতাবেক জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের শাখা-১১ (মাধ্যমিক-২) হতে জারীকৃত পরিপত্র (এতদসঙ্গে সংযুক্ত) ২০১৫ সাল থেকে অনুষ্ঠিতব্য সকল পাবলিক পরীক্ষায় যথাযথভাবে কার্যকর করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

ড. শ্রীকান্ত কুমার চন্দ

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন- ৯৬৬৯৮১৫

কেন্দ্র সচিব/ ভারপ্রাপ্ত কর্মকর্তা
এ বোর্ডের আওতাধীন সকল পরীক্ষা কেন্দ্র।

২২৬৪
০৪/১০/১৫উন্নয়ন (৩)
০৪/১০/১৫গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
শাখা-১১ (মাধ্যমিক-২)
www.moedu.gov.bdশনি
০৪/১০/১৫

নং-৩৭.০০.০০০০.০৭২.৪৩.০৩৬.১৪.৪৯৫

তারিখ : ১৪ আশ্বিন ১৪২২ বঙ্গাব্দ
২৯ সেপ্টেম্বর ২০১৫

পরিপত্র

বিষয়: প্রতিবন্ধী(অটিস্টিক, ডাউন সিনড্রোম, সেরিব্রালপল্‌সি) শিক্ষার্থীকে বিশেষ ব্যবস্থায় পাবলিক পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি।

বিশেষ চাহিদাসম্পন্ন (অটিস্টিক এবং ডাউন সিনড্রোম বা সেরিব্রালপল্‌সি আক্রান্ত) শিশুরা একটু অন্যমনস্ক এবং খেয়ালী হয়ে থাকে। তাই তাদের পরীক্ষায় অংশগ্রহণে তার শিক্ষক/অভিভাবক/সাহায্যকারীর প্রয়োজন হয়।

০২। উপর্যুক্ত কারণে অটিস্টিক এবং ডাউন সিনড্রোম বা সেরিব্রালপল্‌সি আক্রান্ত শিশুদের পাবলিক পরীক্ষায় অংশগ্রহণে সুবিধার জন্য নিম্নরূপ ব্যবস্থা গ্রহণ করা যাবে:

- (ক) অন্যান্য শিক্ষার্থীদের তুলনায় ১০% (৩ ঘন্টার পরীক্ষার ক্ষেত্রে ৩০ মিনিট) অতিরিক্ত সময় প্রদান;
(খ) শিক্ষক/অভিভাবক/সাহায্যকারীর বিশেষ ব্যবস্থাপনায় সহায়তায় পরীক্ষা প্রদানের সুযোগ দান।

০৩। শিক্ষার্থী যে কেন্দ্রে পরীক্ষায় অংশগ্রহণ করবে, সেই কেন্দ্রে প্রধান/প্রধান শিক্ষক/অধ্যক্ষ/কেন্দ্র সচিব তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

০৪। শিক্ষার্থীর অভিভাবককে উল্লিখিত সুবিধা গ্রহণের জন্য পরীক্ষা নিয়ন্ত্রক, সংশ্লিষ্ট মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড বরাবর আবেদন করে পূর্বানুমতি নিতে হবে এবং আবেদনপত্রের সাথে সিভিল সার্জনের/বিশেষ অটিজম/ডাউন সিনড্রোম/সেরিব্রালপল্‌সি সনাক্তকরণ সনদ, পরীক্ষার্থী ও সাহায্যকারীর পাসপোর্ট সাইজের ০২ (দুই)কপি সত্যায়িত ছবি জমা দিতে হবে।

০৫। এ পরিপত্র ২০১৫ খ্রিস্টাব্দের সকল পাবলিক পরীক্ষা থেকে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-

তারিখঃ ২৯.৯.২০১৫

(মো. নজরুল ইসলাম খান)

সচিব

নং-৩৭.০০.০০০০.০৭২.৪৩.০৩৬.১৪.৪৯৫

তারিখ : ১৪ আশ্বিন ১৪২২ বঙ্গাব্দ
২৯ সেপ্টেম্বর ২০১৫

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩. সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব, স্বাস্থ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. অতিরিক্ত সচিব (প্রঃ ও অর্থ/উন্নয়ন/বিশ্ববিদ্যালয়/কারিগরি/মাদ্রাসা), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. কমিশনার (ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর) বিভাগ।
৮. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৯. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
১০. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, স্কাউট ভবন, ঢাকা।
১১. যুগ্ম-সচিব (কলেজ/মাধ্যমিক-১,২/বিশ্ববিদ্যালয়/অডিট ও আইন), শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১২. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/রাজশাহী/যশোর/সিলেট/বরিশাল/কুমিল্লা/চট্টগ্রাম/ দিনাজপুর।
১৩. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা/বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।
১৪. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১৫. জেলা প্রশাসক(সকল)(অধিক্ষেত্রাধীন সকল উপজেলা নিবাহী অফিসারকে ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
১৬. সিভিল সার্জন..... (সকল)।
১৭. সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১৮. সিনিয়র সিস্টেম এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৯. সিনিয়র তথ্য কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২০. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল).....।
২১. জেলা শিক্ষা অফিসার (সকল)(সকল বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানকে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ সহ)।
২২. অধ্যক্ষ/প্রধান শিক্ষক,(পরিপত্রের নির্দেশনা বাধ্যতামূলকভাবে অনুসরণ করার জন্য)।

(অসীম কুমার কর্মকার)
সহকারী সচিব